



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/নিয়োগ/১৪২/২০১৮/৫৭৫১৬

তারিখ : ১৬ মে, ২০১৯

### পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর জন্য আইন কর্মকর্তার ০১(এক)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ২৯০০০-৬৩৪১০/=

#### যোগ্যতা ও অভিজ্ঞতা :

- (ক) আইন বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী/এল এল এম।  
(খ) বিশ্ববিদ্যালয়/সরকারী/আধাসরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে আইন সংক্রান্ত কাজে (জাতীয় বেতন স্কেলের ৯ নং গ্রেডভুক্ত পদে) ন্যূনতম ৫(পাঁচ) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

অথবা

বাংলাদেশ সুপ্রীম কোর্টে মামলা পরিচালনার কাজে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) শিক্ষাজীবনে কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড গ্রহণযোগ্য হবে না।

বয়স : সর্বোচ্চ ৩৭ (সাইত্রিশ) বছর।

#### আবেদনপত্র জমাদান :

রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফশিলী ব্যাংকের শাখার উপর ৫০০/= (পাঁচশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ০৮ সেট দরখাস্ত আগামী ১৬ জুন, ২০১৯ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট ([www.sust.edu](http://www.sust.edu)) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগ জনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।



(মুহাম্মদ ইশফাকুল হোসেন)  
রেজিস্ট্রার

